




নোটিস (বিজ্ঞপ্তি) লিখন



নোটিস (বিজ্ঞপ্তি) লিখন

১। মনে কর, তুমি তোমার স্কুলের পর্যটন ক্লাবের সম্পাদক। নবম ও দশম শ্রেণির ছাত্রদের জন্য একটি বিজ্ঞপ্তি লেখ যাতে তাদের জানানো হবে পরিদর্শনের স্থান, মিলিত হওয়ার স্থান ও সময়, পর্যটনের সময়কাল, সঙ্গে নেওয়ার প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম, ফিরে আসার দিন ও সময়, অভিভাবকদের সম্মতিপত্র নেওয়ার প্রয়োজনীয়তা, প্রয়োজনীয় টিকা গ্রহণের যোগ্যতাপত্র সংগ্রহের কথা ইত্যাদি। তোমার বিজ্ঞপ্তিতে প্রধান শিক্ষকের প্রতিস্বাক্ষর নাও।

..... স্কুল

বিজ্ঞপ্তি

[বিষয় : শিক্ষামূলক ভ্রমণ]

নং.....

তারিখ : আগস্ট ১০, ২০১৩]

নবম ও দশম শ্রেণির ছাত্রদের এই মর্মে জানানো যাচ্ছে যে স্কুলের পর্যটন ক্লাব মুর্শিদাবাদ ভ্রমণের ব্যবস্থা করেছে। এই যাত্রা দু'দিনের (সেপ্টেম্বর ১০ ও ১১, ২০১৩)। ইচ্ছুক ছাত্রদের ১০ সেপ্টেম্বর সকাল ৭টায় স্কুলের ক্লাবঘরে আসতে হবে। ফিরে আসার তারিখ ও সময় ১১ সেপ্টেম্বর সন্ধ্যায়। ছাত্রদের সঙ্গে কখন, বাতাস-বালিশ, টর্চলাইট, জল খাওয়ার গ্লাস, মশারি প্রভৃতি প্রয়োজনীয় জিনিস নিয়ে আসতে হবে। এছাড়া ছাত্রদের অভিভাবকদের সম্মতিপত্র এবং টিকা গ্রহণের যোগ্যতাপত্র নিয়ে আসতে হবে। সম্মতিপত্র ও যোগ্যতাপত্র পূর্বাঙ্কে শ্রেণি-শিক্ষকের কাছে জমা দিতে হবে।

প্রতি স্বাক্ষর :

প্রধান শিক্ষক,.....

নির্মল দাস

সম্পাদক,

স্কুল পর্যটন ক্লাব,

.....

চ। মনে কর তুমি তোমাদের স্কুলের ছাত্রকল্যাণ সমিতির সম্পাদক। সমিতি স্কুলের গরিব মেধাবী ছাত্রদের বিনামূল্যে প্রয়োজনীয় পাঠ্য বই বিতরণ করতে চায়। এই মর্মে সম্পর্কিত ছাত্রদের কাছ থেকে দরখাস্ত চেয়ে একটা বিজ্ঞপ্তি লেখ। তাদের কী কী বই প্রয়োজন তা দরখাস্তে উল্লেখ করতে বল।

.....স্কুল

হাওড়া-৭১১ ১০৫

বিজ্ঞপ্তি

[বিষয় : বিনামূল্যে পুস্তক বিতরণ]

[নং.....

তারিখ : মে ১২, ২০১৩]

এই মর্মে জানানো যাচ্ছে যে স্কুলের ছাত্রকল্যাণ সমিতি গরিব ও মেধাবী ছাত্রদের বিনামূল্যে বই বিতরণ করতে চায়। যে সব ছাত্র এই সুযোগ গ্রহণ করতে চায় তাদের মে, ২০-র মধ্যে প্রধান শিক্ষকের কাছে দরখাস্ত জমা দিতে বলা হচ্ছে। ছাত্ররা কী কী বই চায় তা তাদের দরখাস্তে অবশ্যই উল্লেখ করবে। বই বিতরণ করা হবে মে, ২৫, ২০১৩ তারিখে।

প্রতি স্বাক্ষরিত :

প্রধান শিক্ষক,

নূপেন ভট্টাচার্য

সম্পাদক,

ছাত্রকল্যাণ সমিতি

হাওড়া

৯ গত রবিবারের অনুষ্ঠানের পর বিদ্যালয় প্রাঙ্গণে একটি হাতঘড়ি পাওয়া গেছে। ইউনিয়নের সাংস্কৃতিক সম্পাদক হিসাবে একটি বিজ্ঞপ্তি জারি করো যাতে করে ঘরির মালিক উপযুক্ত প্রমাণসহ ঘড়িটি তোমার কাছ থেকে সংগ্রহ করতে পারে।

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে গত রবিবারের অনুষ্ঠানের পর স্কুল প্রাঙ্গণে একটি হাতঘড়ি পাওয়া গিয়েছে। এটা বোঝা যাচ্ছে যে অনুষ্ঠানে আসা মানুষজনের কারও হাত থেকে হাতঘড়িটি পড়ে গেছে। হাতঘড়িটি এখন নিম্ন স্বাক্ষরকারীর নিকট গচ্ছিত আছে। ঘড়ির মালিককে অনুরোধ করা যাচ্ছে সে যেন উপযুক্ত প্রমাণসহ ঘড়িটি নিম্ন স্বাক্ষরকারীর কাছ থেকে সংগ্রহ করে নেয়।

প্রতি স্বাক্ষর

হেডমাস্টার

১৪ মার্চ, ২০১৭

স্বাক্ষর

সাংস্কৃতিক সম্পাদক

স্টুডেন্টস ইউনিয়ন

বালিগঞ্জ শিক্ষা সদন

১০ তোমাদের স্থানীয় ক্লাবের সেক্রেটারি হিসাবে ক্লাবের সদস্যদের উদ্দেশ্যে একটি বিজ্ঞপ্তি জারি করো যাতে করে ক্লাব আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে। বিজ্ঞপ্তিতে অবশ্যই স্থান, তারিখ, সময় ও অন্যান্য বিষয়ের উল্লেখ থাকবে।

বিজ্ঞপ্তি

স্থান — ক্লাব প্রাঙ্গণ

তারিখ — ১৮ ফেব্রুয়ারি, ২০১৮

সময় — সন্ধ্যা ৬.৩০ মিনিট

শিল্পী — সাগর সেন, ইন্দ্রাণী সেন, ইন্দ্রনীল সেন, শ্রীকান্ত আচার্য।

এতদ্বারা ঐক্য সম্মিলনী ক্লাবের সকল সদস্যকে জানা যাচ্ছে যে আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৮, সন্ধ্যা ৬.৩০ মিনিটে ঐক্য সম্মিলনী ক্লাব প্রাঙ্গণে একটি সংগীত সন্ধ্যা অনুষ্ঠিত হবে। এই সংগীত সন্ধ্যায় অংশগ্রহণ করবেন কলকাতার প্রখ্যাত রবীন্দ্রসংগীত শিল্পীরা। আপনাদের সকলের উপস্থিতিতে আমাদের ঐকান্তিক চেষ্টা সফল হয়ে উঠুক। নিম্ন স্বাক্ষরকারীর কাছ থেকে এবং ক্লাব কাউন্টার থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে অনুরোধ করা হচ্ছে।

স্বাক্ষর

স্বপন রায়

১০ ফেব্রুয়ারি, ২০১৮

সেক্রেটারি, ঐক্য সম্মিলনী

১৭

তোমার জেলার কোনো কোনো অংশে পোলিও দেখা দিয়েছে। তাই স্কুলের ক্যাপ্টেন হিসাবে পোলিওর বিরুদ্ধে লড়াই করার জন্য একটা বিজ্ঞপ্তি লেখো।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সমস্ত ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে যে স্কুল একটি পোলিও টীকাকরণ ক্যাম্প করতে চলেছে। এই পোলিও রোগকে দেশ থেকে উৎখাত করা দরকার। শিশুরা যাতে ভবিষ্যৎ জীবনে পোলিও আক্রান্ত না হয়ে সুস্থ জীবনযাপন করতে পারে তার জন্যই এই ক্যাম্পের আয়োজন। তাই স্কুলের সমস্ত ছাত্র-ছাত্রীদের অনুরোধ করা হচ্ছে যে তারা যেন এই ক্যাম্প সাফল্যমণ্ডিত করতে সাহায্যের হাত বাড়িয়ে দেয়।

প্রতি স্বাক্ষর
হেডমাস্টার

২ মার্চ, ২০১৮
কলকাতা

স্বাক্ষর
অনিমেষ ঘোষ
নবম শ্রেণি, ক-বিভাগ
সেন্ট্রাল মর্ডান স্কুল

১৮

স্থানীয় একটি ক্লাবের সম্পাদক হিসাবে ক্লাব সদস্যদের কাছে একটি গরিব ছেলের চিকিৎসার জন্য সাহায্য চেয়ে একটি বিজ্ঞপ্তি দাও।

বিজ্ঞপ্তি

ক্লাব সদস্যদের অবগতির জন্য জানানো হচ্ছে যে শ্রীযুক্ত অজয় বোস পুত্র শ্রীমান অনিমেষ বোস হার্টের কঠিন অসুখে আক্রান্ত। তার অপারেশনের জন্য শীঘ্রই হাসপাতালে ভরতি করা দরকার। এই অপারেশনের ব্যয়ভার বহন করা তাদের পক্ষে সম্ভব নয়। তাই শতদল সংঘের সকল সদস্যকে অনুরোধ করা হচ্ছে যে তারা যেন একটি অমূল্য জীবন বাঁচাতে সাহায্যের হাত বাড়িয়ে দেন। সমস্ত অনুদান শ্রী বোসের কাছে আমরা যাতে পৌঁছে দিতে পারি।

১ জানুয়ারি, ২০১৮

উজ্জ্বল ঘোষ
সম্পাদক
শতদল সংঘ, বারাসাত